২০২৩

# বাংলা — সাধারণ

## তৃতীয় সেমেস্টার

### পত্র : SEC-A-1 and SEC-A-2

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

### পত্র : SEC-A-1

(মুদ্রণ ও প্রকাশনা)

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

পূর্ণমান - ৮০

১। (ক) পাণ্ডুলিপি কাকে বলে? সার্থক পাণ্ডুলিপি নির্মাণের পদ্ধতিগুলি সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) যুক্তাক্ষর কাকে বলে? বাংলা ভাষায় ফলা-যুক্ত ব্যঞ্জনগুলির উচ্চারণ বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। ১০

২। (ক) এম.এস.ওয়ার্ডের গুণগুলি সম্পর্কে লিখে এম.এস.ওয়ার্ডের 'প্রিন্ট' মেনু কমান্ড সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) মুদ্রণ শিল্পে কোরেল ড্র-র ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

৩। (ক) মুদ্রণ প্রমাদ সংশোধনের জন্য যে-সমস্ত চিহ্নের ব্যবহার করা হয় তার মধ্যে যে-কোনো ১০টি সাংকেতিক চিহ্নের ব্যবহার সম্পর্কে সদৃষ্টান্ত আলোচনা করো।

*অথবা,*

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো—

আশীয, অহোরাত্রি, নিরপরাধী, উর্দ্ধ, ভাগিরথি, আয়ত্তাধীন, জ্যোতীন্দ্র, দুরাদৃস্ট, পৈত্রিক, ব্যধিগ্রস্থ।

*অথবা,*

(খ) বইয়ের মার্কেটিং সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

Please Turn Over

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) কবিতা বা প্রবন্ধ বা অন্যান্য রচনা কীভাবে সংকলন করতে হয় লেখো।

(খ) টীকা লেখো— পুস্তানি ও স্পাইন।

(গ) ইনডিজাইন সফ্‌টওয়্যারে টেক্সট ব্যবহার কীভাবে হয় লেখো।

(ঘ) টীকা লেখো— হেডার এবং ফুটার

(ঙ) গ্রন্থপঞ্জি তৈরি করার কারণ কী? গ্রন্থপঞ্জিতে একটি গ্রন্থের উল্লেখ কীভাবে করা হয় উদাহরণসহ লেখো।

(চ) একজন সম্পাদকের কোন কোন বিষয়ে দক্ষতা থাকা প্রয়োজন লেখো।

(ছ) টীকা লেখো— অফসেট মুদ্রণ।

(জ) প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে লেখো।

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) 'পাণ্ডুলিপি' শব্দটির 'পাণ্ডু' শব্দের অর্থ কী?

(খ) 'ক্ষ' ও 'ষ্ণ'— এই যুক্তাক্ষর দুটিতে কী কী ব্যঞ্জনবর্ণ আছে?

(গ) নির্ঘণ্ট কী?

(ঘ) Copy এবং Paste-এর শর্টকাট কম্যান্ড কী?

(ঙ) কি-বোর্ডে Ctrl + J কীসের শর্টকাট কম্যান্ড?

(চ) কারসার কী?

(ছ) প্রুফ সংশোধনের ক্ষেত্রে 'st.' নির্দেশটি কখন দেওয়া হয়?

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো— অনুদিত

(জ) প্রুফ সংশোধনের ক্ষেত্রে দুটি লাইনের মধ্যে ফাঁক কমানোর নির্দেশচিহ্নটি লেখো।

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো— দুর্বিসহ।

(ঝ) বর্ণানুক্রমিক বলতে কী বোঝায়?

(ঞ) প্রকাশকেরা পাণ্ডুলিপি সংগ্রহ করেন কীভাবে?

(ট) উন্নতমানের বইয়ের জন্য কোন ধরনের বাইন্ডিং প্রয়োজন?

(ঠ) পুরনো বইয়ের ক্ষেত্রে কোন প্রকারের স্টিচিং ব্যবহার করা হয়?

(ড) এ৪ (A4) কাগজের মাপ কত সেন্টিমিটার?

(ঢ) মুদ্রণযন্ত্রের পত্তন কে করেছিলেন?

(ণ) স্ক্রিন মুদ্রণ কোন কাজে ব্যবহার করা হয়?

(ত) ISSN-এর সম্পূর্ণ রূপটি (full form) কী?

(থ) বইয়ের এন্ড ম্যাটার বা ব্যাক ম্যাটারে কী থাকে?

(দ) স্পাইনের অন্য নাম কী?

(ধ) ব্যাক ফ্ল্যাপ কাকে বলে?

(ন) পেজমেকার সফ্‌ট্‌ওয়্যারটির প্রস্তুতকারক কারা?

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৮০

১। নিচের গল্পসূত্রটি অবলম্বনে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ একটি কাহিনি নির্মাণ করো। ১০

এক ধনী ব্যক্তি চুরি রোধ করার জন্য রাত্রের পাহারাদার নিয়োগ করলেন। কিন্তু রাত্রিবেলা পাহারাদার ঘুমিয়ে পড়ত এবং স্বপ্নও দেখত। সে যা স্বপ্ন দেখত তা সত্যি হত। একদিন রাত্রে সে স্বপ্ন দেখল তার মালিকের বাড়িতে চুরি হচ্ছে। তার ঘুম ভেঙে গেল এবং সে চোরকে ধরে ফেলল। এমতাবস্থায় ধনী ব্যক্তিটি পাহারাদারকে বহু অর্থ উপহার দিলেন এবং একইসঙ্গে কাজ থেকে বরখাস্ত করলেন।

MURALIDHAR GIRLS' COLLEGE LIBRARY

*অথবা,*

নিচের অংশটি অবলম্বনে একটি চিত্রনাট্য নির্মাণ করো। ১০

আদালতের সামনে ঘাসশূন্য বৃক্ষচ্ছায়াছন্ন প্রাঙ্গণটি অতিক্রম করে দু-দিন আগে স্ব-ইচ্ছায় যে-ঘরে সে এসেছিলো, আজ সে ঘরেই তারা তাকে নিয়ে এসেছে। টেবিলের ওপাশে সেদিনের মতো পুলিশ কর্মচারীটিও যথাস্থানে বসে। ছোটোখাটো মানুষ, দেখতে নিরীহ। সামনের দাঁত অসমান, নীচের ঠোঁটটা ভারি। তাই হয়তো মুখ খুলে রাখার অভ্যাস। তবে একটা স্থায়ী ভ্রূকুটির জন্যে তার মুখের শিথিলতা কিছু রক্ষা পায়।

তাদের পায়ের আওয়াজ পেয়ে পুলিশ কর্মচারী চোখ তুলে তাকায়। দেখতে-না-দেখতে তার চোখে-মুখে বিপুল পরিবর্তন উপস্থিত হয়। তার ভ্রূকুটি গাঢ় হয়ে ওঠে, দৃষ্টিতে ক্ষীণ ধার দেখা দেয়। সন্দেহের অবশ্য কোনো অবকাশ ছিল না, তবু যুবক শিক্ষকের মন থেকে এবার সব সন্দেহ দূর হয়। কিন্তু তার মুখে ভাবান্তর ঘটে না। সেদিনের ঘরটি এবং টেবিলের ওপাশে পুলিশ কর্মচারীকে সে যেন বহুদূর থেকেই দেখে। তার দৃষ্টি স্বচ্ছ, তবু কিছুই নিকটে মনে হয় না। পুলিশ কর্মচারীটি সাব-ইন্সপেক্টরের দিকে তাকায়। সাব-ইন্সপেক্টরের পিছনে দণ্ডায়মান কন্সটেবলটির বুটে আওয়াজ হয়।

"বসেন।" পুলিশ কর্মচারী সাব-ইন্সপেক্টরকে বসতে বলে। সাব-ইন্সপেক্টর বসলে তার মধ্যে সর্বপ্রথম স্বচ্ছন্দতা আসে। তার বেশি নয়।

"ঘরেই ছিলো। পালাবার চেষ্টা করে নাই।" অল্পবয়স্ক সাব-ইন্সপেক্টরটি বলে।

২। (ক) কবিতা আবৃত্তির ক্ষেত্রে আবৃত্তিকারকে কোন কোন বিষয়ে সতর্ক থাকতে হয় তা বিশদে লেখো। ১০

*অথবা,*

(খ) অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) সাহিত্য থেকে চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে মধ্যবর্তী পর্যায়রূপে চিত্রনাট্যের ভূমিকা পর্যালোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমাটির চলচ্চিত্রায়ণ সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যগুলি বিশদে আলোচনা করো। ১০

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

(ক) কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(খ) অনুনাদ বলতে কী বোঝো? অনুনাদ কীভাবে উচ্চারণকে প্রভাবিত করে?

(গ) ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

(ঘ) নাট্যরূপ বলতে কী বোঝো?

(ঙ) কবিতা পাঠ ও আবৃত্তির তফাৎ সম্বন্ধে লেখো।

(চ) 'ক্ষুধিত পাষাণ' কী অতিপ্রাকৃত গল্প? তোমার বক্তব্যের সমর্থনে যুক্তি দাও।

(ছ) টীকা লেখো— অক্ষর বা দল।

(জ) টীকা লেখো— ক্লোজ শর্ট।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) দলবৃত্ত ছন্দের আর এক নাম কী?

(খ) 'কবিতার ক্লাস' গ্রন্থটির রচয়িতা কে?

(গ) 'দন্ত্য' ধ্বনি কোনগুলি?

(ঘ) 'গৃহদাহ' উপন্যাসটির রচয়িতা কে?

(ঙ) 'বঙ্কিমচন্দ্র' শব্দটিতে কয়টি দল আছে?

(চ) 'আগন্তুক' চলচ্চিত্রটির পরিচালক কে?

(ছ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমার প্রধান চরিত্রে কে অভিনয় করেছেন?

(জ) মানবেতর প্রাণী নিয়ে লেখা একটি বাংলা গল্পের নাম লেখো।

(ঝ) শোষণ শক্তি কোন ছন্দের লক্ষণ?

(ঞ) 'চলচ্চিত্রের অভিধান' গ্রন্থের লেখক কে?

(ট) ভারতের প্রথম সবাক চলচ্চিত্র কোনটি?

(ঠ) যবনিকা কী?

(ড) সত্যজিৎ রায়ের লেখা চলচ্চিত্র বিষয়ক একটি গ্রন্থের নাম লেখো।

(ঢ) সক্রিয় উচ্চারক অঙ্গ কোনগুলি?

(ণ) 'ক্ষুধিত পাষাণ' সিনেমার সংগীত পরিচালক কে?

(ত) 'পথের পাঁচালী' চলচ্চিত্রে 'অপু'র চরিত্রে কে অভিনয় করেছেন?

(থ) 'আমি সেই মেয়ে' কবিতাটি কোন্ আবৃত্তি শিল্পীর কণ্ঠে সর্বাধিক জনপ্রিয়তা অর্জন করেছে?

(দ) 'পথের পাঁচালী' চলচ্চিত্র নির্মাণে আর্থিক সাহায্য পরিচালক কোথা থেকে পেয়েছিলেন?

(ধ) কোন রীতির বাংলা ছন্দের লয় দ্রুত?

(ন) 'মুক্তক' ছন্দের প্রবর্তক কে?

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

MGC Library